

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.১৩১.১৯.৩৫২

তারিখঃ ০৯ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ

প্রেরকঃ উপ-পরিচালক (কাবিখা-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

২৩ জুন ২০১৯ খ্রি.

প্রাপকঃ জেলা প্রশাসক, বিনাইদহ।

বিষয়ঃ চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় গমের বিশেষ বরাদ্দ প্রদান।


দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২৩/০৬/২০১৯ তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৮(অংশ-২৮)-৩০৬, নং মঞ্জুরি আদেশের পরিপ্রেক্ষিতে ২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় উল্লিখিত জেলা ও উপজেলার পার্শ্বে বর্ণিত প্রকল্পের অনুকূলে কাবিখা খাতে সর্বমোট ৪০ (চল্লিশ) মে:টন গম নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে বরাদ্দ (বিশেষ বরাদ্দ) প্রদান করছি।

২। এই ব্যয় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট কোড নং-১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ হতে নির্বাহ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রঃ নং	জেলা	উপজেলা	প্রকল্পের বিবরণ	বরাদ্দের পরিমাণ (গম)
১.	বিনাইদহ	শৈলকুপা	দুধসর ডিজিটাল স্কুলের মাঠে মাটি ভরাট ও দুধসর নতুন চর ঈদগাহ মাঠে মাটি ভরাট।	৪০ মে.টন

শর্তসমূহঃ-

- এই প্রকল্পের খাদ্যশস্য উত্তোলন ও বাস্তবায়নের সময়সীমা ৩০/০৬/২০১৯ খ্রি.।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারীকৃত “গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকা” অনুসারে প্রাক্কলন প্রস্তুতসহ অন্যান্য অনুচ্ছেদ এবং সকল বিধি-বিধান/পদ্ধতি অনুসরণ করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবরে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- বাস্তবায়নধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/ পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি’র সভাপতি করতে হবে;
- নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করা এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- কোনো প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনতে হবে।
- কোনো প্রকল্প ডুপ্লিকেশন হলে ঐ প্রকল্পে বরাদ্দকৃত অর্থ সরকারী কোষাগারে ফেরৎ প্রদান করতে হবে;
- প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন যথারীতি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে;
- পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;
- নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার সংরক্ষণ করতে হবে।


(মোঃ মনিরুজ্জামান)
(উপসচিব)

উপ-পরিচালক (কাবিখা-১)

ফোনঃ ৯৮৮৬৪৭৩।

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.১৩১.১৯.৩৫২

তারিখঃ

০৯ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ


২৩ জুন, ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ২। পরিচালক(মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, জেলা-ঝিনাইদহ।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঝিনাইদহ।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার (দায়িত্ব প্রাপ্ত), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ঝিনাইদহ।
- ৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শৈলকুপা, জেলা-ঝিনাইদহ।
- ৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শৈলকুপা, জেলা-ঝিনাইদহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি সড়ক, ঢাকা।
- ৩। যুগ্মসচিব ট্রাক-২, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(মোঃ মনিরুজ্জামান)

(উপসচিব)

উপ-পরিচালক (কাবিখা-১)

১৮